

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১৯.০৩.০০.১৩৮.২০১৪. ৭৩৭

২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
তারিখঃ ২৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ অনুযায়ী জেলা পরিষদের সার্ভেয়ারের পদটি প্রেষণে পূরণ করার বিধান ছিল। ২০০৬ সালে চাকুরী বিধিমালা, ১৯৯০ সংশোধন করে সার্ভেয়ারের পদটি সরাসরি নিয়োগের ব্যবস্থা করা হয়। সে প্রেক্ষিতে অধিকাংশ জেলা পরিষদে সার্ভেয়ার পদে সরাসরি লোক নিয়োগ করা হয়েছে এবং হচ্ছে। কিন্তু দেখা যায় যে, এখন পর্যন্ত এলজিইডি'র নিয়োগ প্রাপ্ত সার্ভেয়ার কোনো কোনো জেলা পরিষদে প্রেষণে কর্মরত রয়েছে। সার্ভেয়ার পদে সরাসরি লোক নিয়োগের বিধান থাকায় এ পদে কোন কর্মচারী প্রেষণে নিয়োজিত থাকলে ভবিষ্যতে তাদের চাকুরী সংক্রান্ত জটিলতা সৃষ্টির সম্ভাবনা রয়েছে।

২। এমতাবস্থায়, জেলা পরিষদের সার্ভেয়ারের পদটি সরাসরি নিয়োগযোগ্য হওয়ায় এ পদে এলজিইডি হতে প্রেষণে নিয়োজিত কর্মচারীদের অবিলম্বে প্রত্যাহার করে নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.M.  
28/07/18  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী  
এলজিইডি  
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ..... বিভাগ।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, .....।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।